যুগান্তর

06 JUN 2016
তারিখ ..........
পৃষ্ঠা: ..২..৮.. কলাম..২.. ......

# মুন্সীগঞ্জে শিক্ষার্থীকে যৌন নিপীড়ন শিক্ষক গ্রেফতার

**স্টাফ রিপোর্টার,** *মুন্সীগঞ্জ*

মুন্সীগঞ্জের গজারিয়া উপজেলায় এক শিশু শিক্ষার্থীকে বলাৎকারের অভিযোগে একই মাদ্রাসার শিক্ষক কারী হায়দার আলীকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার উপজেলার ভবেরচর এলাকার 'আবদুল্লাহপুর হাফিজিয়া মাদ্রাসা'য় এ ঘটনা ঘটে। গজারিয়া থানার ওসি মো. হেদায়তুল ইসলাম ভূঞা জানান, সুনির্দিষ্ট অভিযোগ ও মামলার ভিত্তিতেই কারী হায়দার আলীকে গ্রেফতার করা হয়েছে। অপর আসামি তার সহযোগী মাওলানা সাইদুল ইসলাম পলাতক রয়েছেন। ছাত্রের পরিবার ও মামলা সূত্রে জানা যায়, উল্লেখিত মাদ্রাসার দুই শিক্ষক হেফজ বিভাগের এক শিক্ষার্থীকে গত ২ মাস ধরে যৌন নিপীড়ন করে আসছিল। ১৫ মে রাতে কারী হায়দার আলী শিশুটিকে বলাৎকার করলে সে অসুস্থ হয়ে পড়ে। ঘটনা শুনে তার বাবা মাইনুদ্দিন মিয়া দুই শিক্ষককে অভিযুক্ত করে থানায় মামলা করেন। পুলিশ ওই মাদ্রাসা থেকে এক শিক্ষককে গ্রেফতার করে। অপরজন পালিয়ে যান।